তাগিদপত্র – ১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩৩২.০৪.০৩১.১১ (অংশ-১)-

তারিখঃ ২২ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
০৬ মার্চ, ২০১৭ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ পরিকল্পনা বিভাগ ও এর আওতাধীন সংস্থায় খাবার পানি হিসাবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন মৈত্রী শিল্প ফ্যাক্টরিতে প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত ‘মুক্তা ব্রান্ডের খাবার পানির বোতল’ ব্যবহার প্রসঙ্গে।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের আধা-সরকারি পত্র নং- ০৪.০০.০০০০.৭১২.০৬.০১০.১৬(০১)-১২১, তারিখঃ ০৭/১২/২০১৬ খ্রিঃ

গত ২৮ নভেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সচিব সভায় গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের মধ্যে (ঝ) নং সিদ্ধান্তটি ছিল নিম্নরূপঃ

“প্রতিবন্ধীদের সহায়তায় সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থায় খাবার পানি হিসাবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন মৈত্রী শিল্প ফ্যাক্টরিতে প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত ‘মুক্তা ব্রান্ডের খাবার পানির বোতল’ ব্যবহারের বিষয়ে সচিবগণ সচেষ্ট হবেন”।

২। বর্ণিতাবস্থায়, উক্ত সিদ্ধান্তটি যথাযথভাবে অনুসরনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(জালাল উদ্দিন আহমদ হোসাইন)
উপসচিব
ফোনঃ ৯১১৭৯১৪
e-mail: dsplandivco@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, নীলক্ষেত , ঢাকা।
২. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
৩. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪. যুগ্মসচিব (পিটি) পরিকল্পনা বিভাগ, ঢাকা।
**(তাঁর আওতাধীন সকল প্রকল্প পরিচালক-কে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।)**
৫. উপসচিব( প্রটোকল/সম্মেলন), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৭. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
**(পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd.

নং-২০.০০.০০০০.৩৩২.০৪.০৩১.১১ (অংশ-১)-৬০৭

তারিখঃ ০৪ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর, ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ গত ২৮ নভেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সচিব -সভায় গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের আধাসরকারি পত্র নং- ০৪.০০.০০০০.৭১২.০৬.০১০.১৬(০১)-১২১, তারিখঃ ০৭/১২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে গত ২৮ নভেম্বর, ২০১৬ তারিখে সচিব সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। সচিব সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের (প্রযোজ্য অংশের) বিপরীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এর অগ্রগতি এ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৮/১২/২০১৬

(শ্যামল কুমার সিংহ)
যুগ্মসচিব
ফোনঃ ৯১১৭৯১৪
e-mail: dsplandivco@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. যুগ্মপ্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. উপসচিব(সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১১. সিনিয়র সহকারী প্রধান, প্রশাসন শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১২. বাজেট অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৩. গার্ড ফাইল/অফিস কপি।

গোপনীয়

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

সমন্বয় অধিশাখা
ডাইরী নং- ২৬৫৭
তারিখঃ- ২৪/১২/২০১৬

| সচিবের দপ্তর<br>পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা মন্ত্রণালয় |
|---|
| বিভাগ প্রধান, কার্যক্রম/শিল্প ও শক্তি/<br>আ:সা:অব:/ভৌত/সা: অর্থনীতি/কৃষি বিভাগ |
| অতি: সচিব (প:বি:)/যুগ্ম-সচিব (প:বি:)/<br>যুগ্ম-সচিব (সম:)/যুগ্ম-প্রধান (এনেক)/<br>যুগ্ম-সচিব (এনইসি) |
| পি.এস. |
| তারিখ: স্বাক্ষর: |

আধাসরকারি পত্রসংখ্যা-০৪.০০.০০০০.৭১২.০৬.০১০.১৬(০১)-১২১ তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৩/ ০৭ ডিসেম্বর ২০১৬

*প্রিয় সহকর্মী,*

গত ২৮ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় সক্রিয় অংশগ্রহণ এবং গঠনমূলক আলোচনার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাই। এ সভায় আপনি বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে মূল্যবান মতামত প্রদান ও সুপারিশ পেশ করেছেন। সে আলোকে সভায় গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ আপনার অবগতি ও কার্যক্রম গ্রহণের সুবিধার্থে নিম্নে তুলে ধরছি:

(ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ NEA (National Enterprise Architecture) এর সার্বিক বিষয় পর্যালোচনা ও চূড়ান্ত করার লক্ষ্যে সকল সচিবদের নিয়ে একটি ওয়ার্কশপের আয়োজন করবে;

(খ) তথ্য ও প্রযুক্ত বিভাগ ই-জিপি ডাটা সেন্টার স্থাপনের জন্য প্রয়োজনীয় স্পেস বরাদ্দ ও পরবর্তী করণীয় বিষয়সমূহ নিশ্চিত করবে;

(গ) ই-জিপিতে এখনও যুক্ত হয়নি এমন মন্ত্রণালয়/বিভাগ/ক্রয়কারী সংস্থা আগামী ১৫-১২-২০১৬ খ্রি: তারিখের মধ্যে ই-জিপিতে যুক্ত হওয়ার লক্ষ্যে সিপিটিইউ-এ প্রস্তাব প্রেরণ করবে;

(ঘ) যেসব মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহ সিপিটিইউ-এ নিবন্ধিত হয়েছে ও কর্মকর্তারা প্রশিক্ষণ গ্রহণ করেছে, উক্ত মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহ আগামী ২০-১২-২০১৬ খ্রি: তারিখের মধ্যে ই-জিপির মাধ্যমে ক্রয়কার্য পরিচালনা কার্যক্রম শুরু করবে;

(ঙ) যেসব মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহ Project Management Information System (PMIS) সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের লক্ষ্যে আইটি ও উন্নয়ন সংশ্লিষ্ট কর্মকর্তা এবং প্রকল্প পরিচালকগণের প্রশিক্ষণের মনোনয়ন প্রস্তাব বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করেনি তারা আগামী ২০-১২-২০১৬ খ্রি: তারিখের মধ্যে উপযুক্ত কর্মকর্তার মনোনয়ন প্রস্তাব বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করবে;

(চ) ই-জিপির উপর প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাদের অত্যাবশ্যক না হলে অন্যত্র বদলি না করার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বিবেচনা করবে;

(ছ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক ভিআইপি রোড (কাজী নজরুল ইসলাম এভিনিউ), বিজয়সরণী বা তৎসংলগ্ন স্থানে একটি ই-জিপি বিলবোর্ড স্থাপনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ উদ্যোগ গ্রহণ করবে;

(জ) মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহের ব্র্যান্ডিং এর বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের (যেমন: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়) মধ্যে যারা অদ্যাবধি Action Plan প্রণয়নপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করেননি তারা আগামী ১৫-১২-২০১৬ খ্রি: তারিখের মধ্যে তা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(ঘ) প্রতিবন্ধীদের সহায়তায় সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থায় খাবার পানি হিসাবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন মৈত্রী শিল্প ফ্যাক্টরিতে প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত 'মুক্তা ব্রান্ডের খাবার পানির বোতল' ব্যবহারের বিষয়ে সচিবগণ সচেষ্ট হবেন;

(ঙ) মন্ত্রিসভা কমিটিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ নীতি নির্ধারনী সভায় আমন্ত্রিত কর্মকর্তা ব্যতিত সচিবগণ অন্য কোন কর্মকর্তাকে অংশগ্রহণ করা থেকে বিরত রাখবেন;

(জ) বিভাগীয় কমিশনার, সিলেট কর্তৃক উদ্ভাবিত Co-ordinated Development Intiative (CDI) সিলেটসহ অন্যান্য বিভাগে বাস্তবায়নের ক্ষেত্রে CDI-এর বিভিন্ন Component (Education, Immunization, Contraception, Nutrition, Sanitation, Social Safety net Program for Vulnerable Group, Electrification, Pure Drinking Water, Identification of Homeless Family)-এর সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণালয় ,প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ ,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ,স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে;

(ঝ) ৩৫ তম বিসিএস-এর নন ক্যাডার শুন্য পদসমূহ পূরণের লক্ষ্যে সচিব, সরকারি কর্মকমিশন কর্তৃক প্রেরিত আধা সরকারি পত্রের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ জরুরি ভিত্তিতে এর আওতাধীন দপ্তর/সংস্থার শুন্য পদের প্রস্তাব প্রেরণ করবে;

(ঞ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন সরকারি সংস্থার অপরিশোধিত ভূমি উন্নয়ন কর পরিশোধের নিমিত্ত সরকারি সংস্থাসমূহের অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের জন্য অর্থ বিভাগ উদ্যোগ গ্রহণ করবে;

(ট) অবসরপ্রাপ্ত সচিবগণের তথ্য সংরক্ষণ এবং অবসর পরবর্তী সময়ে বিভিন্ন প্রশাসনিক সুবিধাদি এবং রাষ্ট্রীয় বিভিন্ন অনুষ্ঠানে তাঁদের আমন্ত্রণের লক্ষ্যে ডাটা বেজ তৈরি এবং একটি কল্যাণ ডেস্ক স্থাপনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করবে;

(ঠ) মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সচিব সভা আয়োজনের লক্ষ্যে সচিবগণ উপস্থাপনযোগ্য এজেন্ডা প্রেরণ করবে।

২। সচিব সভার উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের প্রতি আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয়-ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

*শুভেচ্ছান্তে,*

আন্তরিকভাবে আপনার,

০৭.১২.১৬

(মোহাম্মদ শফিউল আলম)

জনাব তারিক-উল-ইসলাম
সচিব
পরিকল্পনা বিভাগ।